# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৬৪

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মাগরিবের ওয়াক্ত।

## باب مَا جَاءَ فِي وَقْتِ الْمَغْرِبِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا حَاتِمُ بْنُ إِسْمَاعِيلَ، عَنْ يَزِيدَ بْنِ أَبِي عُبَيْدٍ، عَنْ سَلَمَةَ بْنِ الأَكْوَعِ، قَالَ كَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يُصَلِّي الْمَغْرِبَ إِذَا غَرَبَتِ الشَّمْسُ وَتَوَارَتْ بِالْحِجَابِ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ جَابِرٍ وَالصُّنَابِحِيِّ وَزَيْدِ بْنِ خَالِدٍ وَأَنَسٍ وَرَافِعِ بْنِ خَدِيجٍ وَأَبِي أَيُّوبَ وَأُمِّ حَبِيبَةَ وَعَبَّاسِ بْنِ عَبْدِ الْمُطَّلِبِ وَابْنِ عَبَّاسٍ . وَحَدِيثُ الْعَبَّاسِ قَدْ رُوِيَ مَوْقُوفًا عَنْهُ وَهُوَ أَصَحُّ . وَالصُّنَابِحِيُّ لَمْ يَسْمَعْ مِنَ النَّبِيِّ صلى الله عليه وسلم وَهُوَ صَاحِبُ أَبِي بَكْرٍ رضى الله عنه . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ سَلَمَةَ بْنِ الأَكْوَعِ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَهُوَ قَوْلُ أَكْثَرِ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَمَنْ بَعْدَهُمْ مِنَ التَّابِعِينَ اخْتَارُوا تَعْجِيلَ صَلاَةِ الْمَغْرِبِ وَكَرِهُوا تَأْخِيرَهَا حَتَّى قَالَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ لَيْسَ لِصَلاَةِ الْمَغْرِبِ إِلاَّ وَقْتٌ وَاحِدٌ وَذَهَبُوا إِلَى حَدِيثِ النَّبِيِّ صلى الله عليه وسلم حَيْثُ صَلَّى بِهِ جِبْرِيلُ . وَهُوَ قَوْلُ ابْنِ الْمُبَارَكِ وَالشَّافِعِيِّ .

বাংলা

১৬৪. কুতায়বা (রহঃ) ..... সালামা ইবনুল আকওয়া রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা যে, সূর্য যখন ডুবে যেত এবং তা আধারের পর্দায় আচ্ছাদিত হয়ে পড়ত তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মাগরিবের সালাত আদায় করতেন। - ইবনু মাজাহ ৬৮৮, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ১৬৪ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে জাবির, সুনাবিহী, যায়দ ইবনু খালিদ, আনাস, রাফি ইবনু খাদীজ, আবূ আয়্যূব, উম্মু হাবীবা, আব্বাস ইবনু আবূদল মুত্তালিব, ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদিস বর্ণিত আছে। আব্বাস রাদিয়াল্লাহু আনহু এর হাদিসটি মওকূফ রুপেও বর্ণিত আছে। আর তা-ই অধিক সহীহ। সুনাবিহী হলেন আবূ বকর রাদিয়াল্লাহু আনহু এর শাগরিদ। তিনি রাসূল (রহঃ) থেকে কোন কিছু শোনেন নি। ইমাম আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেন সালমা ইবনুল আকওয়া রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদিসটি হাসান ও সহীহ। সাহাবী এবং তৎপরবর্তী তাবিঈ

আলিম ও ফকীহগণের অধিকাংশের মত এ-ই। তাঁরা মাগরিবের সালাত জলদী আদায় করার মত গ্রহণ করেছেন এবং তা পিছিয়ে পড়া মাকরুহ বলে অভিমত দিয়েছেন। এমনকি কোন কোন আলিম বলেছেন মাগরিবের ওয়াক্ত হল কেবল একটই। তাঁরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে নিয়ে জিবরীল (আ) এর সালাত সম্পর্কিত হাদিস (১৪৯ নং হাদিস দ্রষ্টব্য) অনুসারে মত পোষন করেন। ইমাম শাফিঈ, ইবন মুবারাকের অভিমত এ-ই।

## English

Salmah bin Al-Akwa narrated:
"Allah's Messenger prayed Maghrib when the sun had set and it (the sun) had hidden in the veil (of darkness)."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন ▯ বর্ণনাকারীঃ সালামাহ ইবনু আক্‌ওয়া‘ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=17353

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন